


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

ঃ নোটিশ ঃ

এতদ্বারা উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সকল সম্মানিত সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নযোগ্য বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের "গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) (২য় সংশোধন)" প্রকল্পের আওতায় অত্র উপজেলায় একটি প্যাকেজের অন্তর্ভুক্ত "(ক) দলদনী ইউনিয়নের এলজিইডি পাকা রাস্তা জাগলবাড়ি অভিমুখি আনারুলের জমি হতে জাগলবাড়ি শাহাদ আলীর তুতের বাগান পর্যন্ত (৫০০ মি.) রাস্তা এইচবিবি করণ (খ) ভোলাহাট ইউনিয়নের চরধরমপুর বড় মসজিদ হতে বিজিবি ক্যাম্প পর্যন্ত (৫০০ মি.) রাস্তা এইচবিবি করণ।" কাজের জন্য গ্রহণযোগ্য দরপত্রদাতাগণের মধ্য হতে ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের নিমিত্ত আগামী ০৭/১১/২০২৩খ্রি. তারিখ রোজ : মঙ্গলবার সকাল ১১:৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে প্রকাশ্য লটারী অনুষ্ঠিত হবে।

উক্ত প্রকাশ্য লটারী অনুষ্ঠানে উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সকল সম্মানিত সদস্য এবং সংশ্লিষ্ট ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণকে নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।



(মোঃ রাশেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি
গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং
বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

১। উপজেলা কর্মকর্তা/
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

২। জনাব/ মেসার্স.....
.....

স্মারক নং- ৫১.৪৩.৭০১৮.০০০.১৪.০১০.২৩- ৯১

তারিখ : ০৫/১১/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ০১। মাননীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-০২।
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক, হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। উপ-প্রকল্প পরিচালক, হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। অফিসার ইনচার্জ, ভোলাহাট থানা, চাঁপাইনবাবগঞ্জ(আয়োজিত লটারী অনুষ্ঠানের সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স প্রেরণের জন্য)
- ০৯। সহকারি প্রোগ্রামার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১০। সভাপতি/ সম্পাদক, প্রেস ক্লাব, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ১১। অফিস নথি।